

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন মহিলার পক্ষ থেকে কোন পুরুষ বদল হজ্জ করতে পারে কি?

পুরুষ মহিলার তরফ থেকে এবং মহিলা পুরুষের তরফ থেকে হজ্জের বদল করতে পারে। তবে এর জন্য শর্ত এই যে, তাকে নিজের হজ্জ আগে করে থাকতে হবে। একদা মহানবী (সঃ) শুনলেন, একটি লোক বলছে, 'শুবরুমার পক্ষ থেকে লাব্বাইক।' তিনি তাকে জিজ্ঞাসা করলেন, 'শুবরুমা কে?' সে বলল, 'আমার এক ভাই (অথবা আত্মীয়)।' তিনি বললেন, 'তুমি নিজের হজ্জ করেছ?' সে বলল, 'জি না।' তিনি বললেন, 'তুমি নিজের হজ্জ আগে কর, তারপর শুবরুমার হজ্জ (পরে) করো'। ৪০৪ (আবূ দাউদ ১৮১১, ইবনে মাজাহ ২৯০৩ প্রমুখ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=314

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন